যুগান্তর

JUN. 23 2002

# শেখ হাসিনার সঙ্গে চবি শিক্ষকদের বৈঠক

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাবেক সভাপতি প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী, বর্তমান সাধারণ সম্পাদক ড. মহীবুল আজিজ ও মাইক্রোবায়োলজি বিভাগের সভাপতি প্রফেসর ড. মোঃ নুরুল আনোয়ারের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষক শুক্রবার বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধের সপক্ষের

বৈঠক : পৃষ্ঠা : ২ কলাম : ৮

## বৈঠক : শিক্ষকদের

শিক্ষকদের বিভক্তি সম্পর্কে তারা শেখ হাসিনাকে অবহিত করে এ সমস্যা সমাধানে তার হস্তক্ষেপ কামনা করেন।

শিক্ষক নেতৃবৃন্দ বলেন, ব্যক্তিস্বার্থ চরিতার্থ করার জন্য কয়েকজন শিক্ষক দল থেকে বেরিয়ে গিয়ে নতুন গ্রুপ সৃষ্টি করেছেন। দেশের এ ক্রান্তিকালে মুক্তিযুদ্ধের সপক্ষ শক্তির বিভক্তির ফলে বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকরা বিভিন্ন পর্ষদে সহজে জয়ী হচ্ছেন।

শেখ হাসিনা শিক্ষক নেতৃবৃন্দকে বলেন, আওয়ামী লীগের নাম ব্যবহার করে পৃথক শিক্ষক সংগঠন গড়ে তোলার ব্যাপারে তার মতামত নেয়া হয়নি। তিনি মুক্তিযুদ্ধের সপক্ষের প্রগতিশীল সব শিক্ষককে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান। বিশিষ্ট সমাজবিজ্ঞানী প্রফেসর ড. অনুপম সেনের নেতৃত্বে এ ঐক্য গড়ে তোলার জন্য শেখ হাসিনা শিক্ষক নেতৃবৃন্দকে অনুরোধ জানিয়েছেন বলে গোলাপী দল সূত্র জানায়।